গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নং-১৮.০০.০০০০.০৩১.১৪.০০১.১৯/১৭৪ তারিখঃ ২২ অক্টোবর ২০১৯

**বিষয়ঃ একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যাবিবরণী।**

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৩/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ২ (দুই) পাতা।

২২/১০/১৯
এস.এম আলমগীর
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):ঃ

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসেন টাওয়ার (১২ তলা) ১১৬, নয়া পল্টন, ঢাকা-১০০০।
২। অতিরিক্ত সচিব উন্নয়ন, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৬। মহা-পরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৮। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১১। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, চট্টগ্রাম।
১৩। উপ-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনষ্টিটিউট, হালি শহর, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি।

D/P-5/Nec/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ একনেক সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৩/১০/২০১৯ |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | ঃ | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

২.০। উপস্থাপনাঃ

২.১। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি যুগ্ম প্রধান নৌপরিবহন মন্ত্রণালয়কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। যুগ্ম প্রধান সভাকে অবহিত করেন যে, ০৩/০২/২০০৯ তারিখে একনেক সভায় "জেলা সড়ক উন্নয়ন (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পটি আলোচনাকালে প্রকল্পটি অনুমোদন ছাড়াও সিদ্ধান্ত গৃহীত হয় যে, 'নৌ রেল ও সড়ক পরিবহন খাতে কি পরিমান বিনিয়োগ হচেছ, এ বিনিয়োগের ফলে rate of return কি, সে বিষয়ে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ একটি তুলনামুলক প্রতিবেদন একনেকে পেশ করবে'। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে গত ১২/০৯/২০১৯ তারিখে সদস্য, ভৌত অবকাঠামো বিভাগের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, 'নৌ, রেল ও সড়ক পরিবহন খাতে rate of return নিরূপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাগুলো আলাদাভাবে স্টাডি প্রকল্প গ্রহণ করবে। প্রতিবেদন প্রণয়নকালে পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি এবং ২০৪১ নাগাদ উন্নত দেশে উত্তীর্ণ হওয়ার বিষয়টি বিবেচনায় নিতে হবে'। সে প্রেক্ষিতে অদ্যকার পর্যালোচনা সভা আহবান করা হয়েছে।

৩.০। **আলোচনাঃ** সভাপতি বলেন যে, প্রতিটি প্রকল্প বাস্তবায়নত্তোর প্রভাব মূল্যায়ন করা হয়। যেখানে কর্মসংস্থান, নারীর উন্নয়ন, পরিবেশ ও প্রতিবেশ, কৃষি, নৌ যোগাযোগ, ফিশারীজ, জমি পুনরুদ্ধার, সাধারণ মানুষ ও সমাজের বেনিফিট ইত্যাদি বিষয়গুলোর পুংখানোপুংখ বিশ্লেষণ করা হয়। এ বিষয়ে প্রতিটি সংস্থা সেলফ এ্যাসেসমেন্ট করতে পারে। সভায় rate of return নিরূপনের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসুচি এবং সংস্থার বাজেটসহ ভিত্তি বছর ২০০৯ ধরে হিসাব করার পরামর্শ প্রদান করা হয়। সভায় মন্ত্রণালয় কর্তৃক একটি সমন্বিত প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত স্টাডি প্রকল্প গ্রহণের বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া rate of return নিরূপনের লক্ষ্যে একটি সমন্বিত terms of reference প্রণয়নের জন্য প্রতিটি সংস্থার পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তগণ তার প্রতিষ্ঠানের terms of reference মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রতিটি সংস্থার পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি কমিটি গঠনের বিষয়ে একমত পোষণ করা হয়। কমিটি নৌপরিবহন মন্ত্রণালয়ের জন্য একটি সমন্বিত terms of reference প্রণয়ন করতে পারে।

৪.০। **<u>সিদ্ধান্তসমূহঃ</u>** সভায় সর্বসম্মতিক্রমে নিমোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

৪.১ নৌ খাতের rate of return নিরূপনের লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক স্টাডি প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.২ এ ধরনের স্টাডি সম্পাদনের নিমিত্ত প্রতিটি সংস্থা terms of reference জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

৪.২ একটি সমন্বিত terms of reference প্রণয়নের নিমিত্ত মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রতিটি সংস্থার ফোকাল পয়েন্টদের নিয়ে যুগ্ম প্রধান এর সভাপতিত্বে একটি কমিটি গঠন করতে হবে। সংস্থাসমূহ স্ব স্ব দপ্তরের ফোকাল পয়েন্টদের মনোনয়ন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করবে; এবং

৪.৩। কমিটি সমন্বিত terms of reference প্রণয়নসহ একটি স্টাডি প্রকল্প প্রণয়ন করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করবে।

৫.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুস সামাদ
সচিব